

## 💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ হাদী (পশু জবাই), কুরবানী, দম الهدي রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬৮- হাদী সম্পর্কে সংক্ষিপ্ত ও প্রাথমিক কিছু মাসআলা জানতে চাই?

## মাসআলাগুলো নিম্নরূপঃ

- (১) পাথর মারা শেষ হলেই পশু জবাই করতে হয়।
- (২) পশু জবাইয়ের সময় শুরু হয় ১০ই যিলহজ্জ সূর্যোদয়ের পর থেকে ১৩ই যিলহজ্জ সূর্য ডুবার পূর্ব পর্যন্ত।
- (৩) মিনা বা মক্কা উভয় স্থানেই পশু জবাই করা জায়েয।
- (8) পশুটি নিখুঁত, ত্রুটিমুক্ত এবং প্রাপ্ত বয়স্ক হতে হবে।
- (৫) একজন ব্যক্তি তার নিজের জন্য একাধিক হাদী ও কুরবানী জবাই করতে পারবেন।
- (৬) আবার গরু বা উট হলে এক পশুতে ৭ জন শরীক হতে পারবেন।
- (৭) জবাইয়ের সময় পশুকে কেবলামুখী করে জবাই করতে হবে।
- (৮) পশুটিকে বাম কাত করে ফেলে ডান পাশে পাঁ রেখে মজবুত করে চেপে ধরে জবাই করবেন।
- (৯) জবাইর সময় বলবেন, বিসমিল্লাহি আল্লাহু আকবার।
- (১০) কুরবানীর গোশু নিজে খাওয়া, বিতরণ ও দান করা সবই সুন্নাত এবং জমা রাখা জায়িয।
- (১১) তিন ভাগের একভাগ গোপ্ত গরীব-মিসকীনদের মধ্যে বিতরণকালে ভাগের মধ্যে পরিমাণে একটু কম-বেশী হলে অসুবিধা নেই।
- (১২) অপরিচিত সংস্থা বা অজানা অবিশ্বস্ত লোকের কাছ থেকে কুরবানীর রসিদ কাটবেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2716

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন